

বিনোদন

বিয়ের পাঁচ মাসেই ভাঙল বাদশাহ-ইশার সংসার

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০১ সেপ্টেম্বর ২০২৬, ১০:১২ AM



ভারতীয় র‍্যাপার বাদশাহ ও পাঞ্জাবি অভিনেত্রী ইশা রিখি তাদের দাম্পত্য জীবনের ইতি টানার ঘোষণা দিয়েছেন।

সোমবার (৩১ আগস্ট) রাতে যৌথ বিবৃতির মাধ্যমে বিচ্ছেদের বিষয়টি নিশ্চিত করেন তারা। এর মধ্য দিয়ে গত এক মাস ধরে তাদের সম্পর্ক নিয়ে চলা নানা জল্পনার অবসান হলো।

মার্চে ঘরোয়া আয়োজনে বিয়ে করেছিলেন বাদশাহ ও ইশা। বিচ্ছেদের ঘোষণা দিয়ে দুজনই নিজেদের ইনস্টাগ্রাম স্টোরিতে একই ধরনের বিবৃতি প্রকাশ করেন।

বাদশাহ লেখেন, আমি ও ইশা পারস্পরিক সিদ্ধান্তে আলাদা হওয়ার এবং নিজেদের পৃথক পথে এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছি। পারস্পরিক সম্মানের ভিত্তিতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই সময়ে সবাইকে আমাদের ব্যক্তিগত গোপনীয়তার প্রতি সম্মান দেখানোর অনুরোধ করছি।

তিনি আরও বলেন, আমাদের সম্পর্ক নিয়ে আর কোনো ধরনের জল্পনা বা অনুমান না করার জন্য আন্তরিকভাবে অনুরোধ করছি।

জুলাই থেকেই বাদশাহ ও ইশার সম্পর্কের টানাপোড়েন নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা আলোচনা শুরু হয়। ওই মাসে ইশা নিজের ও বাদশাহর একাধিক ছবি ও ভিডিও নিয়ে একটি মন্টাজ প্রকাশ করেছিলেন।

পোস্টটির ক্যাপশনে তিনি লিখেছিলেন, প্রতিটি ঝড়ই একটি শিক্ষা। প্রতিটি প্রার্থনাই একটি আশা। এর সঙ্গে তিনি ভাঙা হৃদয় ও প্রার্থনার ইমোজি ব্যবহার করেন। এরপরই অনেক সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারকারী ধারণা করতে শুরু করেন, তাদের সম্পর্কে হয়তো কোনো সমস্যা তৈরি হয়েছে।

সম্প্রতি ইশার মা পুনম রিখিও [কর্মফল] বা [কর্মা] নিয়ে একাধিক পোস্ট করেন। সেগুলোও সামাজিক যোগাযোগমাধ্যমে নানা আলোচনার জন্ম দেয়।

এর আগে জুনে ইনস্টাগ্রামে [আক্ষ মি এনিথিং] পর্বে বাদশাহর সঙ্গে তার বিয়ের বিষয়টি নিশ্চিত করেছিলেন ইশা রিখি।

এদিকে বিচ্ছেদের ঘোষণা এমন এক সময়ে এলো, যখন গুঞ্জন চলছিল [ইশা রিখি সালমান খানের উপস্থাপনায় আসন্ন [বিগ বস ২০]-এর প্রতিযোগীদের একজন হতে পারেন।

এর আগে জেসমিন মাসিহকে বিয়ে করেছিলেন বাদশাহ। ২০২০ সালে তাদের বিচ্ছেদ হয়। সাবেক এই দম্পতির একটি মেয়ে রয়েছে।

তথ্যসূত্র: এনডিটিভি

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালোভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি।
বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদে...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের [[শিকার]] নায়ক

হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারচাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় গুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক

এক হাজার টাকায় গুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রত্নিন যুগে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শাস্ত

অভিনেত্রী আজমেদী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/biyer-panch-masei-bhngl-badshah-ishar-sngsar>